

কিছু নেই

কিছু নেই, নেই কিছু, তবু আছে জীবন।
জীবনের মানে জীবন জানে না--
তবু আছে আহ্বান।

বাঁশ পাতার শরীরে হাত বুলোনো হাওয়া
উড়িয়ে দেয় নীল শাড়ি, নীল শাড়িই তো?
নাকি অন্যকিছু?

নিচুতল মেঘের ওপিঠে থাকে হাত,
নেমে আসে, আসে, তবু আসে না,
তবু আছে, আছে কিছু প্রত্যাশা।
জীবনের সাথে জীবন এখন কথা বলে ইথারে।
কিছু নেই, নেই কিছু, তবু আছে।
আছে কেবল ফাটাচটা দেয়ালের গায়ে--
হাত বুলিয়ে যাওয়া।

সমীর ঘোষ

